দৈনিক ইনকিলাব

তারিখ 31 DEC 1987
পৃষ্ঠা 4 কলাম 4

024

# উপজেলা পরিক্রমা

## চান্দিনা

দাউদকান্দি (কুমিল্লা), ২৯ ডিসেম্বর (সংবাদদাতা)।— কুমিল্লা জেলা সদর থেকে ২০ কিলোমিটার দূরবর্তী ১২টি ইউনিয়ন নিয়ে চান্দিনা উপজেলা গঠিত। ৭৮ বর্গমাইল নিয়ে চান্দিনা উপজেলার লোকসংখ্যা ২ লাখ ১৪ হাজার ৫শ' ৪২ জন। এখানে ২৩৩টি গ্রাম রয়েছে।

### কৃষি

এ উপজেলার আবাদী জমির পরিমাণ ৪৯,৯২০ একর, অনাবাদী জমির পরিমাণ ২৫ একর, একফসলী জমির পরিমাণ ২৬০০ একর, দু'ফসলী জমির পরিমাণ ২০০০ একর, তিনফসলী জমির পরিমাণ ১৭১/২ একর, গভীর নলকূপ ৯০টি, অগভীর নলকূপ ১৩০টি, শক্তিচালিত পাম্প ৯টি।

### শিক্ষা

এ উপজেলায় ১২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয়, ২টি কলেজ, ৪টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৮৪টি সরকারী ও ২২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৫টি সিনিয়র মাদ্রাসা, ১১৪টি ফোরকানিয়া মাদ্রাসা ও ২টি এতিমখানা রয়েছে।

### চিকিৎসা

এ উপজেলায় পল্লী স্বাস্থ্য কেন্দ্র ১টি, পশু চিকিৎসালয় ১টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ২টি, পরিবার কল্যা কেন্দ্র ২টি রয়েছে।